গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.sylhet.gov.bd

সেপ্টেম্বর/২০২৪ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ২৬/০৯/২০২৪, সকাল ১২:০০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট "ক" |
| সভাপতি | : উর্মি রায়, প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর জুলাই/২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ):** আগস্ট/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। **প্রকৌশল বিভাগ (এলজিইডি):** উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিয়ে উপস্থাপন করেন।

প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, (ক) উপজেলা পরিষদের জীপ গাড়ি নম্বর সিলেট-ঘ-১১-০২৪৪ এর প্রয়োজনীয় মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রয়োজন।

(খ) উপজেলা পরিষদের সামনের ও পিছনের গেইটের জন্য ১০টি তালা এবং উপজেলা পরিষদের বিভিন্ন পয়েন্টের জন্য ১০টি লাইট ক্রয় বাবদ মোট ১৫,০০০/- (পনের হাজার) টাকা প্রয়োজন।

(গ) উপজেলা পরিষদ ভবনের ২য় তলার ২১০ নম্বর কক্ষের বাথরুম মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রয়োজন।

(ঘ) ইউনিয়ন পরিষদে মহল্লাদারের শূন্য পদে নিয়োগের নিমিত্ত দৈনিক উত্তর পূর্ব পত্রিকায় ১৩/০৬/২০২৪ তারিখ প্রকাশিত বিজ্ঞপ্তির বিল বাবদ ১৪,৯৭৩/- (চৌদ্দ হাজার নয়শত তেয়াত্তর) টাকা পরিশোধের জন্য প্রস্তাব উত্থাপন করা হয়।

(ঙ) উপজেলা পরিষদের নন গেজেটেড কোয়ার্টারের ৩য় তলার ২টি ফ্ল্যাটের মেরামত ও রক্ষণাবেক্ষণ বাবদ ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকার প্রাক্কলন প্রস্তাব করা হয়।

(চ) ''শহীদ বুদ্ধিজীবী মুক্তিযোদ্ধা মোহাম্মদ আব্দুল মুকতাদির'' এর নামে উপজেলা পরিষদ মিলনায়তনের নামফলক (পিতলের) বাবদ ২,২১,০০০/- (দুই লক্ষ একুশ হাজার) টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয়।

(ছ) উপজেলা পরিষদের চেয়ারম্যান কার্যালয়ের আইপিএস মেরামত বাবদ ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা প্রয়োজন।

(জ) জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের বাথরুম মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রয়োজন।

(ঝ) উপজেলা পরিষদ, গেজেটেড ও নন গেজেটেড কোয়ার্টারের পানির ট্যাংকি পরিষ্কার বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা প্রয়োজন।

(ঞ) উপজেলার বিভিন্ন ইউনিয়নে ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রম পরিচালনার জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রয়োজন।

(ট) রীট পিটিশন নং-৯১৪৩/২০২৪ এর মামলা পরিচালনা ব্যয় বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রয়োজন।

(ঠ) উপজেলা পরিষদের ৪টি বৈদ্যুতিক মিটারের ও উপজেলা পরিষদ অডিটরিয়ামের ১টি বৈদ্যুতিক মিটারের জুন ২০২৪ হতে আগস্ট ২০২৪ পর্যন্ত সময়ের বিদ্যুৎ বিল বাবদ মোট ৪৭,১৮৩/- (সাতচল্লিশ হাজার একশত তিরাশি) টাকা পরিশোধ করা প্রয়োজন।

(ড) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের বিদ্যুৎ লাইন ও আইপিএস এর লাইন পরিবর্তন ও পানির লাইন মেরামত বাবদ ২৪,২২০/- (চব্বিশ হাজার দুইশত বিশ) টাকা প্রয়োজন।

(ঢ) উপজেলা পরিষদের নন গেজেটেড কোয়ার্টারের ৪র্থ তলার পূর্ব দিকের ১টি ফ্ল্যাটের মেরামত ও রংকরণ বাবদ ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকার প্রাক্কলন প্রস্তাব করা হয়।

(ণ) এডিপি/২০২৩-২০২৪ অর্থ বছরের দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক ই-জিপির মাধ্যমে মূল্যায়নকরণ বাবদ ১৩টি প্যাকেজের প্রতিটির দরপত্র তিন জন সদস্য জনপ্রতি ৬০০/- টাকা করে দুইটি সভার জন্য মোট=(৬০০×২×১৩×৩)=৪৬,৮০০/- (ছেচল্লিশ হাজার আটশত) টাকা করে সম্মানী ভাতা প্রদানের জন্য প্রস্তাব উপস্থাপন করেন। (উৎস পিপিআর-২০০৮ তফসিল-২ এর ৮(১৫)।

সিদ্ধান্ত-১: (ক) উপজেলা পরিষদের জীপ গাড়ি নম্বর সিলেট-ঘ-১১-০২৪৪ এর প্রয়োজনীয় মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাঁ
টাকা রাজস্ব তহবিলের যানবাহন মেরামত খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) উপজেলা পরিষদের সামনের ও পিছনের গেইটের জন্য ১০টি তালা এবং উপজেলা পরিষদের বিভিন্ন পয়েন্টের জন্য ১০টি
লাইট ক্রয় বাবদ মোট ১৫,০০০/- (পনের হাজার) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/
রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) উপজেলা পরিষদ ভবনের ২য় তলার ২১০ নম্বর কক্ষের বাথরুম মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা রাজস্ব
তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/ রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) ইউনিয়ন পরিষদে মহল্লাদারের শূন্য পদে নিয়োগের নিমিত্ত দৈনিক উত্তর পূর্ব পত্রিকায় ১৩/০৬/২০২৪ তারিখ প্রকাশিত
বিজ্ঞপ্তির বিল বাবদ ১৪,৯৭৩/- (চৌদ্দ হাজার নয়শত তেয়াত্তর) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি
উন্নয়ন কর, ইন্টারনেট বিল, সংবাদপত্রের বিজ্ঞপ্তির বিল ইত্যাদি পরিশোধ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) উপজেলা পরিষদের নন গেজেটেড কোয়ার্টারের ৩য় তলার ২টি ফ্লাটের মেরামত ও রক্ষণাবেক্ষণ বাবদ ১,৮০,০০০/- (এক
লক্ষ আশি হাজার) টাকার প্রাক্কলন রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয়
মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) "শহীদ বুদ্ধিজীবী মুক্তিযোদ্ধা মোহাম্মদ আব্দুল মুকতাদির" এর নামে উপজেলা পরিষদ মিলনায়তনের নামফলক
(পিতলের) বাবদ ২,২১,০০০/- (দুই লক্ষ একুশ হাজার) টাকার প্রাক্কলন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উক্ত ব্যয় রাজস্ব তহবিল
হতে নির্বাহের অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ছ) উপজেলা পরিষদের চেয়ারম্যান কার্যালয়ের আইপিএস মেরামত বাবদ ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা রাজস্ব
তহবিলের আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(জ) জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের বাথরুম মেরামত বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ
ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঝ) উপজেলা পরিষদ, গেজেটেড ও নন গেজেটেড কোয়ার্টারের পানির ট্যাংকি পরিষ্কার বাবদ ১৫,০০০/- (পনের হাজার)
টাকা (পনের হাজার) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় মিটানোর
জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঞ) উপজেলার বিভিন্ন ইউনিয়নে ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রম পরিচালনার জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের
মশা নিধন খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ট) রীট পিটিশন নং-৯১৪৩/২০২৪ এর মামলা পরিচালনা ব্যয় বাবদ ২০,০০০/- (বিশ হাজার) টাকা রাজস্ব তহবিলের মামলা
পরিচালনা ব্যয় খাত হতে নির্বাহের অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঠ) উপজেলা পরিষদের ৪টি বৈদ্যুতিক মিটারের ও উপজেলা পরিষদ অডিটরিয়ামের ১টি বৈদ্যুতিক মিটারের জুন ২০২৪ হতে
আগস্ট ২০২৪ পর্যন্ত সময়ের বিদ্যুৎ বিল বাবদ মোট ৪৭,১৮৩/- (সাতচল্লিশ হাজার একশত তিরাশি) টাকার বিল রাজস্ব তহবিলের
বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ড) উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের বিদ্যুৎ লাইন ও আইপিএস এর লাইন পরিবর্তন ও পানির লাইন
মেরামত বাবদ ২৪,২২০/- (চব্বিশ হাজার দুইশত বিশ) টাকা রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/
রংকরণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঢ) উপজেলা পরিষদের নন গেজেটেড কোয়ার্টারের ৪র্থ তলার পূর্ব দিকের ১টি ফ্ল্যাটের মেরামত ও রংকরণ বাবদ
১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকার প্রাক্কলন রাজস্ব তহবিলের উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ
খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ণ) এডিপি/২০২৩-২০২৪ অর্থ বছরের দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক ই-জিপির মাধ্যমে মূল্যায়ন বাবদ ১৩টি প্যাকেজের
প্রতিটি দরপত্র তিন জন সদস্য জনপ্রতি ৬০০/- টাকা করে দুইটি সভার জন্য মোট=(৬০০×২×১৩×৩)=৪৬,৮০০/- (ছেচল্লিশ হাজার
আটশত) টাকা করে সম্মানী ভাতা প্রদানের প্রস্তাব অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের জন্য সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত
গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) এর আওতায়
সরেজমিনে পরিদর্শন পূর্বক জালালপুর বাজার, দাউদপুর বাজার ও লালাবাজারে বহুতল মার্কেট নির্মাণের জন্য প্রস্তাব উপস্থাপন করেন।
এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত-২: জালালপুর বাজার, দাউদপুর বাজার ও লালাবাজারে দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) এর
আওতায় বহুতল মার্কেট নির্মাণের বিষয়ে আগামী সভায় প্রতিবেদন দাখিলের জন্য সহকারী কমিশনারকে (ভূমি) অনুরোধ করা হয়।

বাস্তবায়নে: সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

০৩। **প্রকল্প বাস্তবায়ন বিভাগ** : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

০৪। **স্বাস্থ্য বিভাগ** : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উদ্যোগে এইচপিভি টিকা বিনামূল্যে প্রদান করা হবে। ৫ম থেকে ৯ম শ্রেণীতে অধ্যয়নরত ছাত্রী অথবা ১০ থেকে ১৪ বছর বয়সী কিশোরীদের এই টিকা দেয়া হবে। ।

০৫। **পরিবার পরিকল্পনা বিভাগ** : ভারপ্রাপ্ত উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, এডিপি বরাদ্দ থেকে ইউনিয়ন পর্যায়ে পরিবার পরিকল্পনা বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য প্রত্যেক ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের জন্য আসবাবপত্র সরবরাহের একটি প্রকল্প নেওয়ার জন্য প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের নিকট অনুরোধ করেন।

০৬। **কৃষি বিভাগ** : অনুপস্থিত।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ** : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, আগামী (০১-১৮) অক্টোবর/২০২৪ সারাদেশের মত দক্ষিণ সুরমা উপজেলায় একযোগে ছাগলের পিপিআর টিকা প্রদান করা হবে। এই বিষয়ে ৮টি ইউনিয়নে ভ্যাক্সিনেটর টিম গঠন করা হয়েছে।

০৮। **মৎস্য বিভাগ** : অনুপস্থিত।

০৯। **শিক্ষা বিভাগ** : উপজেলা শিক্ষা অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ**: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১১। **সমাজসেবা বিভাগ**: উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ভাতা কার্যক্রম চলমান আছে। খুব শীঘ্রই নতুন বরাদ্দ দেয়া হবে।

১২। **সমবায় বিভাগ**: উপজেলা সমবায় অফিসার জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ** : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** : সহকারী প্রকৌশলী জানান যে, ২০২২ এর বন্যা পুনর্বাসন প্রকল্পের আওতায় ইউনিয়ন ওয়াটসন কমিটির তালিকা দ্রুত প্রেরণের জন্য তিনি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ** : অনুপস্থিত।

১৬। **যুব উন্নয়ন বিভাগ** : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৭। **বিবিধ : (ক) ইউনিয়ন পরিষদ দফাদারের আনুতোষিক ভাতা সংক্রান্ত** : চেয়ারম্যান, মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান যে, মোগলাবাজার ইউনিয়ন পরিষদের দফাদার জনাব নিখিল বৈদ্য বিগত ০৩/০৫/২০২১ তারিখ অবসর গ্রহণ করেন এবং চেয়ারম্যান, জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান যে, জালালপুর ইউনিয়ন পরিষদের মহল্লাদার জনাব মো: ইরন মিয়া ও জনাব সচিন্দ্র চন্দ্র নাথ যথাক্রমে ০১/০১/২০২১ ও ১৪/০২/২০২১ তারিখ অবসর গ্রহণ করেন। স্থানীয় সরকার বিভাগ ইউপি-২ শাখার ১৪/০২/২০১৬ তারিখের ৪৬.০১৮.০৩২.০০.০০.১৬-৯৭ নম্বর স্মারকে দফাদার পদে আনুতোষিক ভাতা হিসেবে এককালীন ৬০,০০০/- টাকা এবং মহল্লাদার পদে আনুতোষিক ভাতা হিসেবে এককালীন ৫০,০০০/- টাকা যার ৫০% সরকারি কোষাগার হতে এবং ৫০% ইউনিয়ন পরিষদের নিজস্ব তহবিল হতে পরিশোধের নির্দেশনা রয়েছে। এ আলোকে মোগলাবাজার ইউনিয়ন পরিষদের ২৭/০১/২০২২ তারিখের এবং জালালপুর ইউনিয়ন পরিষদের ০৮/০৭/২০২৪ তারিখের সভায় সংশ্লিষ্ট অবসরপ্রাপ্ত দফাদার ও মহল্লাদারগণকে আনুতোষিক ভাতা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ ইউনিয়ন পরিষদ স্থাবর সম্পত্তি হস্তান্তর কর ১% খাত হতে আনুতোষিক ভাতা এককালীন ইউপি অংশ ৫০% বাবদ দফাদারকে ৩০,০০০/- টাকা এবং মহল্লাদারগণকে ২৫,০০০/- টাকা করে পরিশোধের প্রস্তাব করেন এবং সরকারি অংশ ৫০% বাবদ দফাদারকে ৩০,০০০/- টাকা এবং মহল্লাদারগণকে ২৫,০০০/- টাকা করে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, সিলেট মহোদয় বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত: মোগলাবাজার ইউনিয়ন পরিষদের দফাদার জনাব নিখিল বৈদ্য এর আনুতোষিক ভাতা এককালীন ইউপি অংশ ৫০% বাবদ ৩০,০০০/- টাকা, জালালপুর ইউনিয়নের মহল্লাদার যথাক্রমে জনাব মো: ইরন মিয়া ও জনাব সচিন্দ্র চন্দ্র নাথকে ২৫,০০০/- টাকা করে ইউনিয়ন পরিষদ স্থাবর সম্পত্তি হস্তান্তর কর ১% খাত হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং সরকারি অংশ ৫০% বাবদ মোগলাবাজার ইউনিয়ন পরিষদের দফাদার জনাব নিখিল বৈদ্যকে ৩০,০০০/- টাকা, জালালপুর ইউনিয়নের মহল্লাদার যথাক্রমে জনাব মো: ইরন মিয়া ও জনাব সচিন্দ্র চন্দ্র নাথকে ২৫,০০০/- টাকা করে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, সিলেট মহোদয় বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

**(খ) আনসারগণের দায়িত্বপালন ভাতা সংক্রান্ত :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, আগস্ট ২০২৪ মাসে উপজেলা পরিষদে সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে আগস্ট ২০২৪ মাসের ০৪ তারিখ হতে ১৭ তারিখ পর্যন্ত আনসারগণ দায়িত্ব পালন করেছেন। উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা কর্তৃক আনসারগণের হাজিরা (৬৪ হাজিরা) অনুযায়ী উল্লেখিত সময়ের দায়িত্বপালন ভাতা বাবদ ৬৪×৫২৫=৩৩,৬০০/- (তেত্রিশ হাজার ছয়শত) টাকার বিল দাখিল করা হয়েছে। বিলটি সভায় উপস্থাপন করা হয়।

সিদ্ধান্ত: উপজেলা পরিষদের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে আগস্ট ২০২৪ মাসের ০৪ তারিখ হতে ১৭ তারিখ পর্যন্ত আনসারগণের দায়িত্ব পালন ভাতা বাবদ ৬৪×৫২৫=৩৩,৬০০/- (তেত্রিশ হাজার ছয়শত) টাকা উপজেলা রাজস্ব তহবিল এর নিরাপত্তা খাত (আনসার) হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

**(গ) সাবেক মহিলা ভাইস চেয়ারম্যানের বকেয়া দৈনিক ভাতা সংক্রান্ত :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান জনাব আইরিন রহমান কলি বিগত ২৩/১১/২০২৩ তারিখে সেপ্টেম্বর/২০২২ হতে অক্টোবর/২০২৩ সময়ের দৈনিক ভাতা বাবদ =৯৪,০০০/- (চুরানব্বই হাজার) টাকার বিল দাখিল করেন। বিলটি সাবেক উপজেলা চেয়ারম্যান কর্তৃক অনুমোদিত হয় এবং ২৯/১১/২০২৩ তারিখের উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদিত হয়। বিলটি পরীক্ষান্তে দেখা যায় যে, দাখিলকৃত বিলে সরকারি বন্ধের ৩০দিনেও তিনি ভাতা দাবী করে বিল দাখিল করেছেন। সেপ্রেক্ষিতে সংশ্লিষ্ট নথিতে বিলটি সংশোধন করে পরিশোধের জন্য সাবেক উপজেলা চেয়ারম্যান নির্দেশনা প্রদান করেন। পরবর্তীতে সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান আর কোন কার্যক্রম গ্রহণ না করে ০১/০৯/২০২৪ তারিখে বিলটি পরিশোধের জন্য আবেদন দাখিল করেন। বিস্তারিত আলোচনান্তে যেহেতু বিলটি ২৩/১১/২০২৩ তারিখের সভায় অনুমোদিত হয়েছে এবং বর্তমানে তিনি সংশোধন পূর্বক বিল দাখিল করেছেন সেহেতু সংশোধিত বিলটি প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্ত: সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান জনাব আইরিন রহমান কলি সেপ্টেম্বর/২০২২ হতে অক্টোবর/২০২৩ সময়ের সংশোধিত দৈনিক ভাতা বিল বাবদ ৭৯,০০০/- (উনআশি হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

**সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য :** ঊর্মি রায়, প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য ইউ/পি চেয়ারম্যানগণ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। তিনি চলতি অর্থবছরে খাতওয়ারী প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/০৯/২৪

ঊর্মি রায়
প্রশাসক
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২৪.৭৬৭/১ তারিখঃ ২৬ সেপ্টেম্বর, ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সিলেট।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৬। নির্বাহী প্রকৌশলী ..............................................................................................সিলেট।
৭। উপ-পরিচালক ..........................................................................................................সিলেট।
৮। উপজেলা .........................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
৯। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১০। চেয়ারম্যান ..................................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১১। জনাব/বেগম.................................... সদস্য.............................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

২৬/০৯/২৪
উর্মি রায়
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: স্বাক্ষরের ক্রমানুসারে

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ১। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৪। ইউডিএফ, ইউজিডিপি, দক্ষিণ সুরমা, সিলেট | ১। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |